# বিএআরআই সংবাদ

বর্ষ ৩৬ সংখ্যা ২, ২০২৪

www.bari.gov.bd

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র


## বারি'র "অভ্যন্তরীণ গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা-২০২৪" অনুষ্ঠিত




*মাননীয় কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান প্রধান অতিথির বক্তব্য রাখছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর 'অভ্যন্তরীণ গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা-২০২৪' এর কার্যক্রম ০৭ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি. শনিবার ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে শুরু হয়।

গত ২০২৩-২০২৪ সনে যে সকল গবেষণা কর্মসূচি হাতে নেয়া হয়েছিল সেগুলোর মূল্যায়ন এবং এসব অভিজ্ঞতার আলোকে আগামী ২০২৪-২০২৫ সনে গবেষণা কর্মসূচি প্রণয়নের উদ্দেশ্যে এ কর্মশালার আয়োজন করা হয়। বারি'র বিজ্ঞানীরা এ পর্যন্ত বিভিন্ন ফসলের ৬৭৩টি উচ্চ ফলনশীল (হাইব্রিডসহ), রোগ প্রতিরোধক্ষম ও বিভিন্ন প্রতিকূল পরিবেশে চাষোপযোগী জাত এবং ৬৭১টি অন্যান্য উৎপাদন প্রযুক্তিসহ এযাবৎ মোট ১,৩৪৪টি প্রযুক্তি উদ্ভাবন করেছে। এ সকল প্রযুক্তি উদ্ভাবনের ফলে দেশে তেলবীজ, ডালশস্য, আলু, সবজি, মসলা এবং ফলের উৎপাদন ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। এসব প্রযুক্তির উপযোগিতা যাচাই বাছাই ও দেশের বর্তমান চাহিদা অনুযায়ী প্রযুক্তি উদ্ভাবনের কর্মসূচি গ্রহণ করাই এ কর্মশালার মূল উদ্দেশ্য। কর্মশালার কারিগরি অধিবেশনসমূহ ০৮ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর নিয়মিতভাবে অনুষ্ঠিত হয়। বারি'র মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ এর সভাপতিত্বে উদ্বোধন *এরপর পৃষ্ঠা ৮*




*মাননীয় কৃষি সচিব ও অন্যান্য বিশিষ্ট অতিথিবৃন্দ।*

## ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ বারি'র নতুন মহাপরিচালক



*ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ*


স্বনামধন্য কৃষি বিজ্ঞানী ও বিশিষ্ট জীবপ্রযুক্তিবিদ ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ-কে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর নতুন মহাপরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। কৃষি মন্ত্রণালয় জারিকৃত আদেশ বলে তিনি বারি'র মহাপরিচালক (রুটিন দায়িত্ব) পদে নিয়োগপ্রাপ্ত হন। এর আগে ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ বারি'র পরিচালক (গবেষণা) হিসেবে দায়িত্ব পালন করেন।

ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ ১৯৯২ সালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর উদ্ভিদ প্রজনন বিভাগ এ বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে যোগদান করেন। এরপর তিনি নিয়মিতভাবে উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুর এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এবং জীবপ্রযুক্তি বিভাগ, বারি, গাজীপুরের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রাপ্ত হন।

তিনি ইউনিভার্সিটি অব ডান্ডি, স্কটল্যান্ড, ইউকে থেকে জিন এডিটিং এর উপর উচ্চতর গবেষণা করে পি.এইচ.ডি ডিগ্রি এবং সাইন্স এন্ড এডভাইস ফর স্কটিশ এগ্রিকালচার (SASA), স্কটল্যান্ড, ইউকে থেকে জিন সাইল্যান্সিং এর উপর পোস্ট ডকটরাল রিসার্চ ডিগ্রি অর্জন *এরপর পৃষ্ঠা ২*

বিএআরআই
# সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## সম্পাদকীয়



কৃষিপণ্য যেমন, চাল, মসুর, আলু, পেঁয়াজ, চা এবং বিভিন্ন ফলসহ ২২টি পণ্য উৎপাদনে বিশ্বব্যাপী বাংলাদেশ শীর্ষ দশটি দেশের মধ্যে স্থান করে নিয়েছে। গত এক দশকে, কুমড়া, ফুলকপি এবং অন্যান্যের মতো কিছু উদ্ভিজ্জ পণ্য উৎপাদনকারীদের শীর্ষ তালিকায় বাংলাদেশ নতুনভাবে প্রবেশ করেছে। আয়তনের দিক থেকে ৯৪তম বৃহত্তম দেশ হওয়া সত্ত্বেও, বাংলাদেশ এখন প্রাথমিক ফসলের পণ্য উৎপাদনে বিশ্বব্যাপী ১৪ তম অবস্থানে রয়েছে। তালিকায় শীর্ষস্থান দখল করেছে চীন, ভারত ও যুক্তরাষ্ট্র। কৃষি উৎপাদনের দিক থেকে বাংলাদেশ ভালো ফল করেছে FAO ১৬২টি প্রাথমিক ফসলের পণ্যকে বিবেচনায় নিয়েছে এবং তাদের বিশ্বব্যাপী উৎপাদনের পরিমাণ মূল্যায়ন করেছে। বাংলাদেশে ৬৮ ধরনের শস্যজাত পণ্য উৎপাদিত হয়। বাংলাদেশ কোনো নির্দিষ্ট পণ্যের জন্য শীর্ষস্থান দাবি করেনি, তবে পাট, সুপারি এবং শুকনো মরিচ উৎপাদনে দ্বিতীয় অবস্থানে রয়েছে। চাল, রসুন এবং অন্যান্য চিনির শস্যের জন্য দেশটি তৃতীয় এবং জাম, জুজুব, করমচা, বেঙ্গল কারেন্ট, বার্মিজ আঙ্গুর এবং অন্যান্য সুগন্ধযুক্ত মশলা জাতীয় বেরির জন্য চতুর্থ স্থানে রয়েছে। মসুর ডাল ও গ্রীষ্মমন্ডলীয় ফল (কাঁঠাল, লিচু এবং অন্যান্য) উৎপাদনে বাংলাদেশ ষষ্ঠ অবস্থানে রয়েছে। এটি পেঁয়াজ, আলু, আদা, বেগুন, শিমের বীজ এবং নারকেল কয়ারের জন্য সপ্তম স্থান অর্জন করেছে। এটি চা এবং কুমড়ার জন্য অষ্টম, আম, পেয়ারা, ফুলকপি, ব্রকলি, এবং মটরশুটি এবং পাখির খাদ্য (বীজ) জন্য নবম স্থানে রয়েছে। আলু উৎপাদনে বাংলাদেশ অসামান্য উন্নতি করেছে। এটি আগে ২০ তম অবস্থানে ছিল এবং এটি এখন কানাডা, তুরস্ক এবং পোল্যান্ডের মতো দেশগুলিকে ছাড়িয়ে সপ্তম স্থানে উঠে এসেছে। শুকনা মরিচ উৎপাদনে ভারতের পরেই বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। চীন ও থাইল্যান্ডকে পেছনে ফেলে বাংলাদেশ অবস্থান নিশ্চিত করেছে। বাংলাদেশ কৃষি ও কৃষি প্রক্রিয়াজাত পণ্য রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করেছে। ■

## বারিতে পার্টনার প্রকল্পের অফিস উদ্বোধন

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর "প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) (বারি অংগ)" শীর্ষক প্রকল্পের অফিস উদ্বোধন গত ১০ জুন, ২০২৪ খ্রি. ইনস্টিটিউটের প্রধান কার্যালয়ে হয়েছে।



*ফিতা কেটে পার্টনার প্রকল্প অফিস উদ্বোধন করছেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

সকালে বারি'র পরিচালকবৃন্দকে সাথে নিয়ে ফিতা কেটে অফিসটি শুভ উদ্বোধন করেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এসময় উপস্থিত ছিলেন বারি'র সাবেক পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম; পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. আবু হেনা ছরোয়ার জাহান, পরিচালক (মহাপরিচালক মহোদয়ের দপ্তর) ড. এম এম কামরুজ্জামান; পার্টনার প্রকল্পের পরিচালক ড. জগদীশ চন্দ্র বর্মন এবং বারি'র বিভিন্ন বিভাগ/কেন্দ্রের সিনিয়র বিজ্ঞানীবৃন্দ। ■

## ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ...

*প্রথম পৃষ্ঠার পর*

করেন। তিনি নিয়মিত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের এমএস, পি.এইচ.ডি ছাত্রদের তত্ত্বাবধান ও ইনস্টিটিউটের বিজ্ঞানীদের আধুনিক গবেষণা বিষয়ক যুগোপযোগী নির্দেশনা দিয়ে আসছেন। ড. আখন্দ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের আধুনিক জীপ্রযুক্তি বিষয়ক গবেষণার অগ্রদূত। এছাড়াও দেশি বিদেশি বিভিন্ন সায়েন্টিফিক জার্নালে নিয়মিতভাবে বৈজ্ঞানিক প্রবন্ধ প্রকাশ করেন। ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ ০২ ফেব্রুয়ারি ১৯৬৭ সালে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পৈত্রিক নিবাস নেত্রকোনা জেলার মদন উপজেলায়। ■

## বারিতে ক্যানসার কোষ কালচার বিষয়ে সেমিনার অনুষ্ঠিত



*অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রফেসর খাজা জি হোসেন, মেভিল স্টেট ইউনিভার্সিটি, মার্কিন যুক্তরাষ্ট্র।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের উদ্যোগে গত ১৯ মে ২০২৪ ইনস্টিটিউট এর সেমিনার কক্ষে "বায়োপলিমার ফ্রম ক্রপ বায়োপ্রোডাক্ট ফর ক্যানসার সেল কালচার এন্ড ক্লাইমেট ম্যানেজমেন্ট" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম এর সভাপতিত্বে উক্ত সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে ক্যানসার কোষ কালচার বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন খাজা জি হোসেন, পিএইচডি, প্রফেসর অব বায়োলজি এন্ড এনডি-এসিইএস গবেষক, মেভিল স্টেট ইউনিভার্সিটি, মার্কিন যুক্তরাষ্ট্র। এসময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ এবং বারি'র বিভিন্ন কেন্দ্র/বিভাগ/শাখার সিনিয়র বিজ্ঞানীবৃন্দ। সেমিনারে অভ্যন্তরীণ বিজ্ঞানীবৃন্দ স্বশরীরে এবং বহিঃকেন্দ্রের বিজ্ঞানীবৃন্দ জুম পাটফর্মে অংশগ্রহণ করেন। সেমিনারের মুখ্য আলোচক ড. খাজা জি হোসেন বলেন, মানুষের নিয়মতান্ত্রিক খাদ্যাভাস শরীরে ক্যানসারের জীবানু প্রতিরোধে ভূমিকা রাখে।■

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## মিশিগান স্টেট ইউনিভার্সিটি প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*বারি সিনিয়র বিজ্ঞানীদের সাথে মিশিগান স্টেট ইউনিভার্সিটি প্রতিনিধি দল।*

মিশিগান স্টেট ইউনিভার্সিটি (MSU) প্রতিনিধি দল গত ১৭ এপ্রিল, ২০২৪ খ্রি. বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন।

মিশিগান স্টেট ইউনিভার্সিটি প্রতিনিধি দলটি বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিময় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এসময় উপস্থিত ছিলেন পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম; পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম; পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ; মিশিগান স্টেট ইউনিভার্সিটি এর ডিরেক্টর অফ এগ্রিবায়োরিসার্চ এবং সিনিয়র অ্যাসোসিয়েট ডিন ফর রিসার্চ, ড. জর্জ স্মিথ; মিশিগান স্টেট ইউনিভার্সিটি এর পরিচালক (ন্যাচারাল রিসোর্স) ড. করিম মেরাদিয়া এবং বারি'র বিভিন্ন বিভাগ/কেন্দ্রের সিনিয়র বিজ্ঞানীবৃন্দ। এই পরিদর্শনের উদ্দেশ্য ছিল জলবায়ু পরিবর্তনের মোকাবেলায় ভবিষ্যতের পারস্পরিক সহযোগিতার সম্ভাবনা নিয়ে আলোচনা করা। ■

## ইউএসএআইডি এবং সিমিট প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*বারি সিনিয়র বিজ্ঞানীদের সাথে ইউএসএআইডি প্রতিনিধি দল।*

ইউএস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ইউএসএআইডি) এবং সিমিট প্রতিনিধি দল ১৯ এপ্রিল, ২০২৪ খ্রি. বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। প্রতিনিধি দলটি বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিময় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এ সময় বারি'র উপর সংক্ষিপ্ত উপস্থাপনা করেন ড. মো. শওকত আলী খান, প্রধান বৈজ্ঞানিক কমকর্তা, মহাপরিচালক মহোদয়ের দপ্তর। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ইউএসএআইডির প্রোডাকশন সিস্টেম স্পেশালিস্ট ড. জেসারি পি স্টুয়ার্ট; সিমিট কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, বাংলাদেশ ড. ট্রিমোথি জে ক্রুপনিক; বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম; পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. আবু হেনা ছরোয়ার জাহান; পরিচালক (মহাপরিচালক মহোদয়ের দপ্তর) ড. এম এম কামরুজ্জামান। পরে প্রতিনিধি দল বারি'র বিভিন্ন গবেষণাগার ও গবেষণা মাঠ পরিদর্শন করেন এবং ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোস প্রকাশ করেন। ■

## চায়না'র আনহুই একাডেমি প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*চায়না'র আনহুই একাডেমি প্রতিনিধি দলের সাথে বারি সিনিয়র বিজ্ঞানীবৃন্দ।*

আনহুই একাডেমি অফ এগ্রিকালচারাল সায়েন্স (আইপিপিএএস-এএএএস), চায়না প্রতিনিধি দল গত ০৭ মে, ২০২৪ খ্রি. বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। প্রতিনিধি দলটি বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিময় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এ সময় বারি'র উপর সংক্ষিপ্ত উপস্থাপনা করেন প্রধান বৈজ্ঞানিক কমকর্তা (মহাপরিচালক মহোদয়ের দপ্তর) ড. মো. শওকত আলী খান। এসময় উপস্থিত ছিলেন মহাপরিচালক এবং জ্যেষ্ঠ গবেষক, আনহুই একাডেমি অফ এগ্রিকালচারাল সায়েন্স, রেন্ডে কিউআই; মহাপরিচালক এবং জ্যেষ্ঠ গবেষক, আনহুই একাডেমি অফ এগ্রিকালচারাল সায়েন্স, ইয়ংঝাং; পরিচালক এবং জ্যেষ্ঠ গবেষক, আনহুই একাডেমি অফ এগ্রিকালচারাল সায়েন্স, হাউলিং চেন এবং বারি'র পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ এবং বারি'র বিভিন্ন বিভাগ/কেন্দ্রের সিনিয়র বিজ্ঞানীবৃন্দ। পরে প্রতিনিধি দল বারি'র বিভিন্ন গবেষণাগার ও গবেষণা মাঠ পরিদর্শন করেন। ■

## এফএও প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*বারি সিনিয়র বিজ্ঞানীদের সাথে এফএও প্রতিনিধি দল।*

ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেশন (এফএও) প্রতিনিধি দল গত ১০ জুন, ২০২৪ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। প্রতিনিধি দলটি বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিময় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এ সময় বারি'র উপর সংক্ষিপ্ত উপস্থাপনা করেন প্রধান বৈজ্ঞানিক কমকর্তা (মহাপরিচালক মহোদয়ের দপ্তর) ড. মো. শওকত আলী খান। এসময় উপস্থিত ছিলেন বারি'র সাবেক পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী; পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. আবু হেনা ছরোয়ার জাহান, পরিচালক (মহাপরিচালক মহোদয়ের দপ্তর) ড. এম এম কামরুজ্জামান এবং পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. মুন্সী রাশীদ আহমদ এবং বারি'র বিভিন্ন বিভাগ/কেন্দ্রের সিনিয়র বিজ্ঞানীবৃন্দ। ■

বিএআরআই
সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## বারিতে নতুন নিয়োগপ্রাপ্ত বিজ্ঞানীদের ইনডাকশন প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত




*ওয়াহিদা আক্তার, মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত রয়েছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের উদ্যোগে গত ৩০ মে ২০২৪ ইনস্টিটিউট এর সেমিনার রুমে বারির নতুন নিয়োগপ্রাপ্ত বিজ্ঞানীদের জন্য মাস ব্যাপী ইনডাকশন প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রশিক্ষণে বারি'র ৬০ জন বিজ্ঞানী অংশগ্রহণ করেন। "প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) (বারি অংগ)" শীর্ষক প্রকল্প প্রশিক্ষণে অর্থায়ন করে। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাপনী প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ওয়াহিদা আক্তার। এসময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয় এর যুগ্ম সচিব (গবেষণা অনুবিভাগ) জনাব রেহানা ইয়াছমিন এবং বারি'র বিভিন্ন কেন্দ্র/বিভাগ/শাখার সিনিয়র বিজ্ঞানীবৃন্দ। ■

## বারিতে উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের ল্যাবরেটরি কার্যক্রম পরিচালনার উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত




*অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর কীটতত্ত্ব বিভাগ এবং কৃষিতত্ত্ব বিভাগের উদ্যোগে গত ১৩ মে ২০২৪ ইনস্টিটিউট এর কীটতত্ত্ব বিভাগের সেমিনার রুমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের ল্যাবরেটরি কার্যক্রম পরিচালনায় দক্ষতা বৃদ্ধি শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ২০ জন উপ-সহকারী কৃষি কর্মকর্তা অংশগ্রহণ করেন। "কেন্দ্রীয় প্যাকিং হাউজে স্থাপিত উদ্ভিদ সংগনিরোধ ল্যাবরেটরিকে আন্তর্জাতিক মানসম্পন্ন ল্যাবরেটরিতে রুপান্তর (১ম সংশোধিত)" ডিএই, শীর্ষক প্রকল্প প্রশিক্ষণে অর্থায়ন করে। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণের উদ্বোধন করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব বাদল চন্দ্র বিশ্বাস। ■

## বিএআরআই বিজ্ঞানীদের বারি উদ্ভাবিত নতুন প্রযুক্তি শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত



*অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের উদ্যোগে গত ২০ মে ২০২৪ ইনস্টিটিউট এর সেমিনার রুমে বিএআরআই বিজ্ঞানীদের জন্য বারি উদ্ভাবিত নতুন প্রযুক্তি শীর্ষক প্রশিক্ষণ (২য় ব্যাচ) অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে বারি'র ৩০ জন বিজ্ঞানী অংশগ্রহণ করেন।

"প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) (বারি অংগ)" শীর্ষক প্রকল্প প্রশিক্ষণে অর্থায়ন করে।

বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে *এরপর পৃষ্ঠা ৬*

## বারিতে অংশীজন সভা অনুষ্ঠিত



*সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর গবেষণা উইংয়ের উদ্যোগে গত ০৯ জুন ২০২৪ বারি'র মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে বিটি বেগুন সম্পর্কিত একটি অংশীজন (স্টেকহোল্ডার) সভা অনুষ্ঠিত হয়েছে। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। এসময় সভায় বিটি বেগুন সম্পর্কে মূল প্রবন্ধ আলোচনা করেন প্রকল্প পরিচালক, আইআরইপি, ড. মারিসেলিস অ্যাসেভেদো (Dr. Maricelis Acevedo)। বিটি বেগুন সম্পর্কে আরোও বিভিন্ন বিষয়ে উপস্থাপনা করেন সাবেক পরিচালক (বারি) ড. জাহাঙ্গীর হোসেন; প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (জীব প্রযুক্তি বিভাগ) ড. মোহাম্মদ কামরুল হাসান এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সিনিয়র কর্মকর্তাবৃন্দ। কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (গবেষণা অনুবিভাগ) ড. সাবিনা ইয়াসমিন; বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম; পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম এবং বারি'র বিভিন্ন কেন্দ্র/বিভাগ/শাখার সিনিয়র বিজ্ঞানীবৃন্দ এসময় সভায় উপস্থিত ছিলেন। উক্ত সভার সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। ■

## বারিতে নতুন নিয়োগপ্রাপ্ত বিজ্ঞানীদের ইনডাকশন প্রশিক্ষণ




*ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, প্রধান অতিথি হিসেবে উপস্থিত রয়েছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের উদ্যোগে গত ০২ মে ২০২৪ ইনস্টিটিউট এর সেমিনার রুমে বারির নতুন নিয়োগপ্রাপ্ত বিজ্ঞানীদের জন্য মাস ব্যাপী (০২-৩১ মে) ইনডাকশন প্রশিক্ষণ শুরু হয়। উক্ত প্রশিক্ষণে বারি'র ৬০ জন বিজ্ঞানী অংশগ্রহণ করেন।

"প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) (বারি অংগ)" শীর্ষক প্রকল্প প্রশিক্ষণে অর্থায়ন করে।

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রশিক্ষণে বাংলাদেশ কৃষি গবষেণা কাউন্সিল এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণের উদ্বোধন করেন। এসময় অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন বারি'র পরিচালক *এরপর পৃষ্ঠা ৬*

## বিএআরআই বিজ্ঞানীদের নতুন প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত



*বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত রয়েছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের উদ্যোগে গত ১৬ মে ২০২৪ ইনস্টিটিউট এর কীটতত্ত্ব বিভাগের সেমিনার রুমে বিএআরআই বিজ্ঞানীদের জন্য বারি উদ্ভাবিত নতুন প্রযুক্তি শীর্ষক সমাপনী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে বারি'র ৩০ জন বিজ্ঞানী অংশগ্রহণ করেন।

"প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) (বারি অংগ)" শীর্ষক প্রকল্প প্রশিক্ষণে অর্থায়ন করে। ■

## বারিতে সার্ক অঞ্চলে ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার টেকনোলজিস বিষয়ক সমাপনী কর্মশালা



*ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, প্রধান অতিথি হিসেবে উপস্থিত রয়েছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)- এ সার্ক এগ্রিকালচার সেন্টার এর আয়োজনে গত ২৪ এপ্রিল ২০২৪ খ্রি. ইনস্টিটিউটের সেমিনার কক্ষে "সার্ক অঞ্চলে ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার টেকনোলজিস বিষয়ক" সমাপনী কর্মশালা অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবষেণা কাউন্সিল ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। এসময় অনুষ্ঠানে বক্তব্য রাখেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার; পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম; পরিচালক সার্ক এগ্রিকালচার সেন্টার ড. মো. হারুনুর রশীদ এবং রিসার্চ কো-অর্ডিনেটর, আইএফপিআরআই-এসএআর, ড. মমতা প্রধান। পরে অনুষ্ঠানে সনদ ও উপহার বিতরণ করা হয়। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম; পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. আবু হেনা ছরোয়ার জাহান; পরিচালক (মহাপরিচালক মহোদয়ের দপ্তর) ড. এম এম কামরুজ্জামান; পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. মুন্সী রাশীদ আহমদ; পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. মো. মতিয়ার রহমান এবং বারি'র বিভিন্ন বিভাগ/কেন্দ্রের সিনিয়র বিজ্ঞানীবৃন্দ। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপনে ছিলেন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সরেজমিন গবেষণা বিভাগ) ড. মো. মাজহারুল আনোয়ার। অনুষ্ঠানটি সঞ্চালন করেন উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সরেজমি গবেষণা বিভাগ) ড. তাসলিমা জাহান। ■

## বারিতে জাতীয় শুদ্ধাচার কৌশল শীর্ষক প্রশিক্ষণ




*অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের উদ্যোগে আজ ২৫ এপ্রিল ২০২৪ ইনস্টিটিউট এর সেমিনার রুমে বিজ্ঞানী-কর্মকর্তাদের জাতীয় শুদ্ধাচার কৌশল এর উপর একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় । উক্ত প্রশিক্ষণে বারি'র ৪০ জন বিজ্ঞানী-কর্মকর্তা অংশগ্রহণ করেন। ■

কৃষি গবেষণা

বিএআরআই

# সংবাদ

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## বারি উদ্ভাবিত মুগডাল ভাঙ্গানো মেশিনের মাঠ প্রদর্শন

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর ফার্ম মেশিনারী এন্ড পোস্টহারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং (এফএমপিই) বিভাগ এর আয়োজনে গত ০৪ এপ্রিল ২০২৪ খ্রি. বারি'র এফএমপিই বিভাগে বারি উদ্ভাবিত মুগডাল ভাঙ্গানো মেশিনের মাঠ প্রদর্শন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটির সহযোগিতায় ছিলেন সিরিয়াল সিস্টেম ইনিশিয়েটিভ ফর সাউথ এশিয়া-মেকানাইজেশন অ্যান্ড এক্সটেনশন অ্যাক্টিভিটি (সিসা-এমইএ), সিমিট, বাংলাদেশ। নব উদ্ভাবিত এই যন্ত্রটির বিভিন্ন সুবিধাবলি কৃষক, যন্ত্র প্রস্তুত কারক, বিজ্ঞানী, সম্প্রসারণ কর্মী ও সাধারণ জনগণের সামনে তুলে ধরার জন্য আয়োজিত এ মাঠ প্রদর্শন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এসময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. আবু হেনা ছরোয়ার জাহান এবং সাবেক পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. আইয়ুব হোসেন। অনুষ্ঠানটির সভাপতিত্বে ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম। এছাড়াও বারি'র বিভিন্ন বিভাগ/কেন্দ্রের সিনিয়র বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এফএমপিই) বারি ও সিসা-এমইএ প্রকল্পের প্রধান গবেষক ড. মোহাম্মদ এরশাদুল হক। উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য এবং মূল প্রবন্ধ উপস্থাপনা করেন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (এফএমপিই বিভাগ) ড. মো. নূরুল আমিন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, প্রান্তিক পর্যায়ে এ যন্ত্রটি ছড়িয়ে দিতে বারি উদ্ভাবিত এই যন্ত্রটির ব্যাপক প্রচার-প্রচারণা প্রয়োজন। মানসম্পন্ন প্রস্তুতকরণ নিশ্চিত করতে প্রস্তুতকারক প্রতিষ্ঠানদের প্রশিক্ষণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।




*বিজ্ঞানীদের সাথে আমন্ত্রিত অতিথি, কৃষক এবং কৃষি যন্ত্র প্রস্তুতকারক।*

বাংলাদেশ বছরে প্রায় ৩৫ হাজার মেট্রিক টন মুগ ডাল উৎপাদন হয়ে থাকে। কৃষকদের আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে, কৃষকদের উৎপাদিত মুগডাল কৃষকরা যাতে সহজে প্রক্রিয়াজাত করে ভক্ষণ করতে পারে এজন্য বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর ফার্ম মেশিনারী এন্ড পোস্টহারভেষ্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে কৃষকের ব্যবহার উপযোগী বারি মুগ ডাল ভাঙ্গানো যন্ত্র উদ্ভাবন করা হয়েছে। এই যন্ত্রের সাহায্যে অতি সহজে ঘন্টায় ৪০ থেকে ৭০ কেজি মুগডাল ভাঙানো যায়।

বারি ও সিসা-এমইএ প্রকল্পের প্রধান গবেষক ড. মুহাম্মদ এরশাদুল হক জানান, এ যন্ত্র উদ্ভাবনের গবেষণার সাথে ঝিনাইদহ এর মাওয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ এবং বগুড়া এর হক মেটাল এই দুইটি প্রতিষ্ঠান সরাসরি জড়িত ছিলেন; ফলে এই যন্ত্র নির্ভুলভাবে প্রস্তুতকরণের ধাপগুলো ইতিমধ্যে ঐ প্রতিষ্ঠানের কর্মীরা রপ্ত করেছেন। ■

## বিশেষজ্ঞ প্যানেল ও বারি'র জ্যেষ্ঠ বিজ্ঞানীদের মধ্যে মতবিনিময় কর্মশালা



*বিশেষজ্ঞ প্যানেল ও বারি সিনিয়র বিজ্ঞানীবৃন্দ মতবিনিময় করছেন।*

কৃষি মন্ত্রণালয়ের বিশেষজ্ঞ প্যানেল ও বারি'র জ্যেষ্ঠ বিজ্ঞানীদের মধ্যে মতবিনিময় কর্মশালা গত ২০ এপ্রিল, ২০২৪ খ্রি. রোজ শনিবার মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কৃষি মন্ত্রণালয় কর্তৃক জাতীয় কৃষি গবেষণা সিস্টেমের 'ক' তফসিলভুক্ত ৬ টি গবেষণা প্রতিষ্ঠানের মান উন্নয়নের লক্ষ্যে এই বিশেষজ্ঞ প্যানেল গঠিত হয়। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, সাবেক সচিব ও বিএআরসি'র সাবেক নির্বাহী চেয়ারম্যান ড. জহুরুল করিম। এছাড়াও উক্ত মতবিনিময় কর্মশালায় বারি'র বিভিন্ন বিভাগ/কেন্দ্রের জ্যেষ্ঠ বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত কর্মশালায় বারি'র সার্বিক উন্নয়নে করণীয় নির্ধারণ বিষয়ে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করা হয়। ■

## বিএআরআই বিজ্ঞানীদের বারি ...

*চতুর্থ পৃষ্ঠার পর*

উপস্থিত থেকে প্রশিক্ষণের উদ্বোধন করেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এসময় অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন পরিচালক (মহাপরিচালক মহোদয়ের দপ্তর) ড. এম এম কামরুজ্জামান এবং মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. আশরাফ উদ্দিন আহমেদ। উক্ত প্রশিক্ষণে কো-অর্ডিনেট এর দায়িত্ব পালন করেন ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. ইমরান খান চৌধুরী। ■

## বারিতে নতুন নিয়োগপ্রাপ্ত বিজ্ঞানীদের...

*পঞ্চম পৃষ্ঠার পর*

(প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম; পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম; পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ; পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. আবু হেনা ছরোয়ার জাহান এবং পার্টনার প্রকল্পের এজেন্সি প্রোগ্রাম ডাইরেক্টর ড. জগদীশ চন্দ্র বর্মন। উক্ত প্রশিক্ষণে কো-অর্ডিনেট এর দায়িত্ব পালন করেন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. আবদুর রাজ্জাক। ■

বিএআরআই
# সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## এনডিসি প্রতিনিধি দলের বারি পরিদর্শন




*বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের সাথে এনডিসি প্রতিনিধি দল।*

ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি), মিরপুর ক্যান্টনমেন্ট, ঢাকা এর ১৩৮ (একশত আটত্রিশ) জনের একটি প্রতিনিধি দল গত ১৩ জুন, ২০২৪ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। প্রতিনিধি দলে কলেজ থেকে আগত ফ্যাকাল্টি, কোর্স মেম্বার এবং স্টাফ অফিসাররা অংশগ্রহণ করেন। প্রতিনিধি দলটি ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার ও অন্যান্য পরিচালকবৃন্দ। পরে বারি'র কাজী বদরুদ্দোজা মিলনায়তনে অনুষ্ঠিত মত বিনিময় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। পরবর্তীতে মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এসময় উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. আবু হেনা ছরোয়ার জাহান, পরিচালক (মহাপরিচালক মহোদয়ের দপ্তর) ড. এম এম কামরুজ্জামান, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. মুন্সী রাশীদ আহমদ এবং বারি'র বিভিন্ন কেন্দ্র/বিভাগ/শাখার সিনিয়র বিজ্ঞানীবৃন্দ। পরে প্রতিনিধি দল বারি'র বিভিন্ন গবেষণাগার ও গবেষণা মাঠ পরিদর্শন করেন এবং ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোস প্রকাশ করেন। ■

## বারি'র ঢাকা আঞ্চলের রিভিউ কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর সরেজমিন গবেষণা বিভাগ এর আয়োজনে (২০ মে ২০২৪ খ্রি.) ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে ঢাকা আঞ্চলের গবেষণা-সম্প্রসারণ পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা-২০২৪ অনুষ্ঠিত হয়।

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব, গবেষণা অনুবিভাগ জনাব রেহানা ইয়াছমিন। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম; পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম; অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল কৃষিবিদ মো. আহসানুল বাসার। এছাড়াও বারি'র বিভিন্ন কেন্দ্র/বিভাগ/শাখার সিনিয়র বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত কর্মশালায় স্বাগত বক্তব্য এবং মূল প্রবন্ধ উপস্থাপনা করেন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সরেজমিন বিভাগ) ড. মো. মাজহারুল আনোয়ার। ■

## বারিতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর, পুরস্কার প্রদান ও প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত




*অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর গবেষণা উইং এর আয়োজনে (২৫ জুন ২০২৪ খ্রি.) ইনস্টিটিউটের সেমিনার কক্ষে বারি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর, পুরস্কার প্রদান ও প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে "২০২২-২৩" অর্থ বছরের এপিএ সফলভাবে বাস্তবায়ন করায় বিভিন্ন ক্যাটাগরিতে প্রথম স্থান অর্জনকারীদের ক্রেস্ট ও সনদ প্রদান এবং বিএআরআই এর আওতাধীন সকল উইং/কেন্দ্র/বিভাগ/আঞ্চলিক কেন্দ্র এবং প্রকল্প প্রধানগনের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। বারি'র পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। উক্ত কর্মশালায় পুরস্কার বিতরণ এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. আবু হেনা ছরোয়ার জাহান। অনুষ্ঠানে বারি'র সকল উইং/কেন্দ্র/বিভাগ/ আঞ্চলিক কেন্দ্র এবং প্রকল্প প্রধানগন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি কো-অর্ডিনেট করেন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা) এবং এপিএ ফোকাল পয়েন্ট ড. মো. দাউদ হোসেন। ■

## বারি'তে আন্তর্জাতিক আলু দিবস উদ্‌যাপিত

*অষ্টম পৃষ্ঠার পর*

হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপনা করেন বারির সাবেক পরিচালক ড. মোহাম্মদ হোসেন। এসময় উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. আবু হেনা ছরোয়ার জাহান এবং পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. মুন্সী রাশীদ আহমদ। এছাড়াও বারির সাবেক ও বর্তমান পরিচালকবৃন্দ, বারি'র বিভিন্ন কেন্দ্র/বিভাগ/শাখার সিনিয়র বিজ্ঞানীবৃন্দ, বিভিন্ন দপ্তর ও সংস্থা, সীড কোম্পানী, সিআইপি, ফার্মিং ফিউচার, এনজিও, কৃষি প্রতিনিধি সহ আলু উৎপাদন, সংরক্ষণ ও ব্যবস্থাপনা রক্ষণের সাথে সংশিষ্টবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. মো. মতিয়ার রহমান। পরিশেষে ধন্যবাদ জ্ঞাপন করেন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. মো. মনিরুল ইসলাম। ■

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## বারি'র "অভ্যন্তরীণ গবেষণা পর্যালোচনা...

*প্রথম পৃষ্ঠার পর*

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান। প্রধান অতিথির বক্তব্যে সম্মানিত সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান বলেন, সময়ের প্রয়োজনকে সামনে রেখে বিজ্ঞানীদের গবেষণা কার্যক্রম এগিয়ে নিতে হবে। প্রতিকূল আবহাওয়া উপযোগী জাত ও প্রযুক্তি উদ্ভাবনেও বিশেষ গুরুত্ব দিতে হবে।

প্রারম্ভিক অনুষ্ঠানে বারি'র গবেষণা কার্যক্রম ও সাফল্যের উপর মূল প্রবন্ধ উপস্থাপনা করেন বারি'র মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। এসময় কর্মশালায় মূল প্রবন্ধের উপর আলোচনা করেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (গবেষণা অনুবিভাগ) জনাব আফসারী খানম; বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. নাজমুন নাহার করিম এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মো. তাজুল ইসলাম পাটোয়ারী। এসময় আরও উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (গবেষণা) ড. মুন্সী রাশীদ আহমদ; পরিচালক (সেবা ও সরবরাহ) ড. আশরাফ উদ্দিন আহমেদ; পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. আবু হেনা ছরোয়ার জাহান; পরিচালক (প্রশিণ ও যোগাযোগ) ড. মুহাম্মদ আতাউর রহমান; পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. নজরুল ইসলাম; পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. এফ এম আবদুর রউফ; পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. মো. মতিয়ার রহমান; পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) ড. মো. ছালেহ উদ্দিন এবং পরিচালক (মহাপরিচালক মহোদয়ের দপ্তর) ড. এম এম কামরুজ্জামান। উক্ত অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নার্সভুক্ত বিভিন্ন প্রতিষ্ঠান, বিএডিসি ও কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং বারি'র বিভিন্ন বিভাগের বিজ্ঞানী/কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। ■



*ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয় বারি প্রদর্শনী স্টল পরিদর্শন করছেন।*

## বারি'তে আন্তর্জাতিক আলু দিবস উদ্‌যাপিত

নানা আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট-এ গত ৩০ মে ২০২৪ খ্রি. আন্তর্জাতিক আলু দিবস-২০২৪ উদ্‌যাপিত হয়েছে। সকালে বারির বিভিন্ন স্তরের বিজ্ঞানী, বিভিন্ন দপ্তর ও সংস্থা, সীড কোম্পানী, সিআইপি, ফার্মিং ফিউচার, এনজিও, কৃষি প্রতিনিধি সহ আলু উৎপাদন, সংরক্ষণ ও ব্যবস্থাপনা রক্ষণের সাথে সংশিষ্টদের অংশগ্রহণে আন্তর্জাতিক আলু দিবস উপলক্ষে একটি র‍্যালি অনুষ্ঠিত হয়। পরে ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে পবিত্র কুরআন তেলাওয়াত এর মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। আলু হলো বিশ্বব্যাপী বৈচিত্র্যময় কৃষি ব্যবস্থায় একটি অন্যতম প্রধান ফসল, যা নিয়মিতভাবে কোটি কোটি মানুষ ব্যবহার করে থাকে। আলু খাদ্য নিরাপত্তা ও পুষ্টির পাশাপাশি সারা বিশ্বে গ্রামীণ ও শহুরে এলাকার মানুষের জীবিকা ও কর্মসংস্থানে অবদান রাখে। আলু বিশ্বের অনেক অঞ্চলের জন্য একটি প্রধান খাদ্য। আলু কার্বোহাইড্রেট সমৃদ্ধ, যা শক্তির প্রাথমিক উৎস। আলুতে ভিটামিন বি, ভিটামিন সি, ফোলেট, পটাসিয়াম, ফসফরাস এবং ম্যাগনেসিয়াম সহ বেশ কয়েকটি মাইক্রোনিউট্রিয়েন্ট রয়েছে। আলু বিশ্বব্যাপী খাদ্য ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অংশ এবং বিশ্ব খাদ্য নিরাপত্তা জোরদার এবং দারিদ্র্য দূরীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এবারের দিবসটির প্রতিপাদ্য হল "হারভেস্টিং ডাইভারসিটি, ফিডিং হোপ" (Harvesting diversitz, feeding hope)। ক্ষুধা ও দারিদ্র্য মোকাবিলায় এবং কৃষিখাদ্য ব্যবস্থার পরিবেশগত হুমকি মোকাবেলায় ফসলের গুরুত্বকে বোঝাতে এই দিবসটি পালন করা হয়। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি *এরপর পৃষ্ঠা ৭*




*আন্তর্জাতিক আলু দিবসের র‍্যালী*

প্রধান পৃষ্ঠপোষক : ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ
মুখ্য সম্পাদক : ড. মো. আতাউর রহমান
সম্পাদক : মো. হাসান হাফিজুর রহমান
আলোকচিত্র শিল্পী : পংকজ সিকদার

প্রকাশনায় : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১
ফোন- +৮৮-০২-৪৯২৭০০৩৮

ডিজাইন ও মুদ্রণে : জননী প্রিন্টার্স
১০৫ আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০

প্রকাশ: সেপ্টেম্বর ২০২৪